৫ অক্টোবর ২০১৫ তারিখের ইংরেজী পিডিএস থেকে অনুদিত

ADB ASIAN DEVELOPMENT BANK

## বাংলাদেশ: মাধ্যমিক শিক্ষা খাত বিনিয়োগ কর্মসূচি - দ্বিতীয় কিস্তি

| | |
|---|---|
| প্রকল্পের নাম: | **বাংলাদেশ: মাধ্যমিক শিক্ষা খাত বিনিয়োগ কর্মসূচি– দ্বিতীয় কিস্তি** |
| প্রকল্প নম্বর | ৪৪২১৩–০১৭ |
| দেশ | বাংলাদেশ |
| প্রকল্পের অবস্থা | প্রস্তাবিত |
| প্রকল্পের ধরন/সহায়তা প্রদানের পদ্ধতি | ঋণ |
| অর্থায়নের উৎস /অর্থের পরিমাণ | ঋণ: বাংলাদেশ: মাধ্যমিক শিক্ষা খাত বিনিয়োগ কর্মসূচি- দ্বিতীয় কিস্তি<br>এশীয় উন্নয়ন তহবিল ১৮৫.০০ মিলিয়ন মার্কিন ডলার |
| কৌশলগত এজেন্ডাসমূহ | অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি |
| পরিবর্তনের চালকসমূহ | অংশীদারিত্ব |
| খাত/উপখাত | **শিক্ষা– শিক্ষাখাত উন্নয়ন** |
| জেন্ডার বা লিঙ্গ সমতা ও মূলস্রোতীকরণ | লিঙ্গ সমতা |
| বর্ণনা | দ্বিতীয় কিস্তি তৈরি হয়েছে প্রথম কিস্তির কার্যক্রম, যেমন, পাঠক্রম বাস্তবায়ন, পরীক্ষার পুনর্বিন্যাস, উপবৃত্তির ব্যবস্থা, ও বিদ্যালয়ের অবকাঠামো উন্নয়ন ইত্যাদি কার্যক্রমের ওপর ভিত্তি করে। দ্বিতীয় কিস্তি যে-সকল ক্ষেত্রে সহায়তা করবে তা হলো (১) প্রাক-ভোকেশনাল ও ভোকেশনাল বিষয় চালু করতে সহায়তা করা এবং বিজ্ঞান বিষয়গুলোর পাঠদানকে শক্তিশালী করা; (২) সামাজিক ও সাংস্কৃতিকভাবে প্রান্তিক শিক্ষার্থীদের শিক্ষার সুযোগ বাড়াতে একটি রিসোর্স টিচার প্রোগাম (আরটিপি) চালু করা, যা শিক্ষার্থীদের কাউন্সেলিং, বিদ্যালয়ে শিক্ষার্থীদের নিরাপত্তা এবং বিদ্যালয় ও মাদ্রাসায় যৌন হয়রানি বিষয়ক জাতীয় প্রচারণা ও জনসচেতনতা কর্মসূচির সাথে সমন্বিত করা হবে; (৩) মাধ্যমিক শিক্ষা ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা আরো শক্তিশালী করা যার মধ্যে রয়েছে, শিক্ষা মন্ত্রণালয় ও এর প্রতিষ্ঠানগুলোর ক্রয় সংক্রান্ত কাজের জন্য সম্পূর্ণ ই-প্রকিউরমেন্ট ব্যবস্থা কার্যকর করা; মাধ্যমিক শিক্ষা সচিবালয়ের মাঠ পর্যায়ের দপ্তরগুলো শিক্ষা বিষয়ক নজরদারি উন্নত করবে;নির্বাচিত জেলা ও থানা/উপজেলায় শিক্ষা দপ্তর নির্মাণ; এবং পরিকল্পনা, পর্যবেক্ষণও মূল্যায়ন, ক্রয় ও অর্থায়ন বিষয়ে প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নত করা যা ধারাবাহিভাবে সমগ্র খাত-ব্যাপী উত্তরনের পদ্ধতি তৈরি করবে। |

| | |
|---|---|
| প্রকল্পের যৌক্তিকতা ও দেশের সাথে সংযোগ/আঞ্চলিক কৌশল | মাধ্যমিক শিক্ষা খাত বিনিয়োগ কর্মসূচি (এসইএসআইপি) (২০১৩-২০২৩) শিক্ষা খাতের রোডম্যাপে পরিকল্পিত পদ্ধতিগত সংস্কার পদক্ষেপকে এগিয়ে নেওয়ার জন্য বিনিয়োগ সহায়তার এমএফএফ নীতিকে নমনীয় করে গ্রহণ করেছে। ২য় কিস্তির নকশা করা হয়েছে প্রথম কিস্তির মতো করে। ২য় কিস্তি (১) প্রথম কিস্তির বিদ্যমান কার্যক্রমকে প্রসারিত ও শক্তিশালী করবে ( যেমন: ব্যবহারিক বিজ্ঞান পাঠ দান ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা তৈরি); এবং (২) উদ্ভুত নতুন চাহিদার সাথে সাথে নতুন কার্যক্রম বাস্তায়ন করবে (যেমন: মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাগুলোতে প্রাক-ভোকেশনাল ও ভোকেশনাল বিষয় চালু করা)। |
| প্রভাব | একটি যোগ্যতর, ভারসাম্যপূর্ণ, ও উচ্চ মানসম্পন্ন মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা (জাতীয় শিক্ষা নীতি ২০১০, মাধ্যমিক শিক্ষা খাত রোডম্যাপ ২০১৩-২০২৩)। |
| ফলাফল | মাধ্যমিক শিক্ষা উন্নতকরণে সামগ্রিক অংশগ্রহণ। |
| আউটপুট | মাধ্যমিক শিক্ষার মান ও প্রাসঙ্গিকতা বৃদ্ধি।<br><br>মাধ্যমিক শিক্ষায় সম–সুযোগ সৃস্টি এবং শিক্ষার্থী ঝরে পড়া কমানো।<br><br>মাধ্যমিক শিক্ষা ব্যবস্থাপনা ও সুশাসন শক্তিশালী করা। |
| ভৌগলিক এলাকা | |

| **সুরক্ষা বিভাগসমূহ** | |
|---|---|
| পরিবেশ | বি |
| বাধ্যতামূলক বসতি স্থানান্তর | সি |
| আদিবাসী জনগোষ্ঠী | বি |

| পরিবেশগত ও সামাজিক দিকসমূহের সারমর্ম | |
|---|---|
| পরিবেশগত দিক | : পরিবেশ পর্যালোচনা যাচাই ফ্রেমওয়ার্ক তৈরি ও অনুমোদন করা হয়েছে। প্রত্যেক শ্রেনি বা বিভাগের সরকারি কাজের জন্য পরিবেশ নিরীক্ষা মডেল তৈরি করা হয়েছে। |
| বাধ্যতামূলক বসতি স্থানান্তর | কোনো ভূমি অধিগ্রহণ বা এই সম্পর্কে কোন জনসম্পৃক্তি পরিকল্পনায় নেই। |
| আদিবাসী জনগোষ্ঠী | ক্ষুদ্র জাতিসত্তার/জনগোষ্ঠীর অবস্থা যাচাই ফ্রেমওয়ার্ক তৈরি ও অনুমোদিত হয়েছে। প্রকল্প থেকে এই জনগোষ্ঠীর সুফলভোগ নিশ্চিত করতে ক্ষুদ্র জাতিসত্বার জনগোষ্ঠী পরিকল্পনা তৈরি করা হয়েছে। |

| স্টেকহোল্ডারদের যোগাযোগ, অংশগ্রহণ ও পরামর্শ প্রদান | |
|---|---|
| প্রকল্প নকশাকালে | মূল এমএফএফ নকশা করা হয়েছিল স্টেকহোল্ডারদের (শিক্ষক, সংস্থাসমূহ, সুশিল সমাজ সংগঠন) সাথে বেশ কিছু সংখ্যক পরামর্শ–আলোচনা করে। শিক্ষা খাতের রোডম্যাপ ও কর্মসূচির ওপর আলোচনা এর অন্তর্ভুক্ত ছিল। ২০১৫ সালের ফেব্রুয়ারিতে প্রথমবারের মতো একটি ‘সরকার-উন্নয়ন অংশিদার’ যৌথ খাত পর্যালোচনা অনুষ্ঠিত হয়, এবং এর একটি আউটপুট হলো খসড়া সেক্টর প্রোগ্রাম ফ্রেমওয়ার্ক। |
| প্রকল্প বাস্তবায়নকালে | যৌথ খাত পর্যালোচনা প্রতিবছর করা হবে। সুশীল সমাজ সংগঠন ও অন্যান্যদের (যেমন: জাতীয় প্রচারাভিযান ও জনসচেতনতা কর্মসূচি) শক্তিশালী অংশগ্রহণ নিশ্চিত করতে বেশ কয়েকটি কর্মসূচি/ কার্যক্রম পরিকল্পনা করা হয়েছে। |

| ব্যবসার সুযোগসমূহ | |
|---|---|
| পরামর্শ সেবা | নির্দেশনামূলক ক্রয় পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। অনেকগুলো কিউসিবিএস প্যাকেজ এর অন্তর্ভূক্ত। |
| ক্রয় | নির্দেশনামূলক ক্রয় পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। অনেকগুলো কিউসিবিএস প্যাকেজ এর অন্তর্ভূক্ত। |
| দায়িত্বপ্রাপ্ত এডিবি কর্মকর্তা | ইসুকে তাজিমা |
| এডিবি’র দায়িত্বপ্রাপ্ত বিভাগ | দক্ষিণ এশীয় বিভাগ |
| এডিবির’র দায়িত্বপ্রাপ্ত ডিভিশন | হিউম্যান এন্ড সোশ্যাল ডেভেলপমেন্ট ডিভিশন, এসএআরডি |
| নির্বাহী সংস্থা | শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ১৬ আব্দুল গণি রোড , ঢাকা-১০০০, বাংলাদেশ। |

| **সময়সূচি** | |
|---|---|
| ধারণা বা কনসেপ্ট এর ছাড়পত্র | |
| তথ্য অনুসন্ধান | |
| এমআরএম | ১ জুলাই ২০১৫ |
| অনুমোদন | ২৬ অক্টোবর ২০১৫ |
| সর্বশেষ পর্যালোচনা মিশন | - |
| সর্বশেষ পিডিএস হালনাগাদকরণ | ৪ সেপ্টেম্বর ২০১৫ |

প্রকল্প ডাটা শিট (পিডিএস)-এ প্রকল্প বা কর্মসূচির তথ্যাবলীর সারমর্ম থাকে। কারণ পিডিএস একটি চলমান কাজ। এর প্রাথমিক সংকলনে কিছু কিছু তথ্য অন্তর্ভূক্ত নাও থাকতে পারে। তবে তথ্য হাতে এলে তা অন্তর্ভুক্ত করা হয়। প্রস্তাবিত প্রকল্পের ক্ষেত্রে তথ্য হবে সম্ভাব্য ও নির্দেশনামূলক।

এডিবি এই পিডিএস-এর তথ্য কোনোরকম নিশ্চয়তা দান ছাড়া শুধুমাত্র এর ব্যবহারকারীদের জন্য রিসোর্স বা তথ্যভাণ্ডার হিসাবে প্রদান করে এডিবি মানসম্মত তথ্য প্রদানের চেষ্টা করলেও প্রদত্ত তথ্য 'ঠিক যেমন' তেমনভাবেই দেয়া হয় কোনো রকম রদবদলের নিশ্চয়তা ছাড়া। এমনকি কোনো ধারণার প্রকাশ বা প্রশ্ন না তুলে, অথবা কোনো বিশেষ উদ্দেশ্যের জন্য সীমিত রদবদলেরও নিশ্চয়তা প্রদান করে না। এডিবি বিশেষভাবে এ ধরনের তথ্যের নির্ভুলতা বা সম্পূর্ণতা বিষয়ে কোনো নিশ্চয়তা প্রদান বা প্রতিনিধিত্ব করে না।